দৈনিক
ইনকিলাব

তারিখ 31 JAN 2003
পৃষ্ঠা 7 কলাম 6

# শেরেবাংলা কৃষি ভার্সিটি শিক্ষক সমিতি নির্বাচনে সাদা ও নীল দলের বিজয়

শেকৃবি সংবাদদাতা ঃ শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি নির্বাচনে সাদা ও নীল দলের প্রার্থীদের মধ্যে পদ ভাগাভাগি হয়েছে। গতকাল (বৃহস্পতিবার) সকাল ৯টা হতে দুপুর ২টা পর্যন্ত ভোটগ্রহণের পর প্রধান নির্বাচন কমিশনার প্রফেসর মোঃ সামসুল হক বিকেল ৪টায় এ ফলাফল ঘোষণা করেন। ফলাফলে সাদা দল সভাপতি, ট্রেজারার এবং যুগ্ম সম্পাদকসহ ৫টি পদে ও নীল দল সহ-সভাপতি এবং সাধারণ সম্পাদকসহ ৬টি পদে জয়লাভ করে। নির্বাচিতরা হলেন- সভাপতি প্রফেসর আবু আকন্দর জিয়া (সাদা), ট্রেজারার প্রফেসর মোঃ সদরুল আনাম সরদার (সাদা), সাধারণ সম্পাদক মোঃ আনোয়ারুল হক বেগ (নীল), যুগ্ম সম্পাদক মোঃ রজ্জব আলী (সাদা), সদস্য পদে ডঃ মোঃ সিরাজুল ইসলাম ভুঞা (সাদা), ডঃ মোঃ নুরুল ইসলাম (নীল), ডঃ মোঃ শহীদুর রশীদ ভুঞা (নীল), মোঃ আসাদুজ্জামান চান (নীল), মোঃ ফিরোজ মাহমুদ (সাদা) এবং মোঃ মোফাজ্জল হোসাইন (নীল)।